

🗏 আল-ইসরা (বনী-ইসরাঈল) | Al-Isra (Bani-Israil) | اُلْاِسْرَاء (بَنِي إِسْرَائِيل) আয়াতঃ ১৭:৪

💵 আরবি মূল আয়াত:

وَ قَضَينَا اللَّي بَنِي اِسرَآءِيلَ فِي الكِتْبِ لَتُفسِدُنَّ فِي الأرضِ مَرَّتَينِ وَ لَتَعلُنَّ عُلُوًّا كَبيرًا ﴿٢﴾ لَتَعلُنَّ عُلُوًّا كَبيرًا ﴿٢﴾

আর আমি বনী ইসরাঈলকে কিতাবে সিদ্ধান্ত জানিয়েছিলাম যে, তোমরা যমীনে দু'বার অবশ্যই ফাসাদ করবে এবং উদ্ধৃত্য দেখাবে মারাত্মকভাবে। — আল-বায়ান

আমি কিতাবের মাধ্যমে বানী ইসরাঈলকে জানিয়ে দিয়েছিলাম যে, তোমরা অবশ্য অবশ্যই পৃথিবীর বুকে দু' দু'বার বিপর্যয় সৃষ্টি করবে আর অবশ্য অবশ্যই অত্যধিক গর্বে ফুলে উঠবে। — তাইসিরুল

এবং আমি কিতাবে (তাওরাতে) প্রত্যাদেশ দ্বারা বানী ইসরাঈলকে জানিয়েছিলাম, নিশ্চয়ই তোমরা পৃথিবীতে দু'বার বিপর্যয় সৃষ্টি করবে এবং তোমরা অতিশয় উদ্ধৃত্যকারী হবে। — মুজিবুর রহমান

And We conveyed to the Children of Israel in the Scripture that, "You will surely cause corruption on the earth twice, and you will surely reach [a degree of] great haughtiness. — Sahih International

- ৪. আর আমরা কিতাবে বনী ইসরাঈলকে জানিয়েছিলাম(১) যে, অবশ্যই তোমরা পৃথিবীতে দুবার বিপর্যয় সৃষ্টি করবে এবং তোমরা অতিশয় অহংকারস্ফীত হবে।
 - ك. কোন কোন মুফাস্সির বলেন, এখানে কিতাব বলতে এমন কিতাব বুঝানো হয়েছে। যার মাধ্যমে বনী ইসরাঈলকে এ বিষয়ে আগাম জানিয়ে দেয়া হয়েছিল। এখানে قَضَيْنًا إلَيْهِ خُلِكَ الْأَمْرَ أَنَّ دَابِرَ هُوَّلُوعٌ مُصْبِحِينَ "বোন আত্ত্রতাফসীরুস সহীহ] এ অর্থে কুরআনের অন্যান্য স্থানেও এ শব্দটি ব্যবহার হয়েছে। বলা হয়েছে, (وَقَضَيْنَا إلَيْهِ ذُلِكَ الْأَمْرَ أَنَّ دَابِرَ هُوَّلُوءٍ مَقْطُوعٌ مُصْبِحِينَ) "আমি তাকে এ বিষয়ে ফয়সালা জানিয়ে দিলাম যে, ভোরে ওদেরকে সমূলে বিনাশ করা হবে।" [সূরা আল-হিজরঃ ৬৬] কারও কারও মতে, এখানে أَوْحَيْنًا বা আমরা ওহী প্রেরণ করেছি। এর কারণ এখানে শব্দটির পরে إلَىٰ এসেছে। যদি জানানো বা খবর দেয়ার অর্থ হতো, তবে এর পরে اللهِ عَلَى ব্যবহৃত হতো না। আর যদি ফয়সালা করা বা বিচার করা অর্থ হতো, তবে শব্দটির পরে ل আসতে। আর যদি পূর্ণ করার অর্থ হতো, তবে শব্দটির পরে ل আসত। সুতরাং এখানে শব্দের অর্থ, أَوْحَيْنًا বা আমরা ওহী প্রেরণ করেছি হওয়াই বেশী যুক্তিযুক্ত। [ফাতহুল কাদীর]



তাফসীরে জাকারিয়া

(৪) আর আমি (তাওরাত) কিতাবে বানী ইস্রাঈলকে জানিয়েছিলাম যে, নিশ্চয়ই তোমরা পৃথিবীতে দু-দুবার বিপর্যয় সৃষ্টি করবে এবং তোমরা অতিশয় অহংকারস্ফীত হবে ।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2033

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন